

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৩.০১১.০০.০০.০০১.২০১৭- ২৫৬

তারিখ : ২৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

বিষয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের “সিনিয়র সাইফার অফিসার” পদে মৌখিক পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের “সিনিয়র সাইফার অফিসার” পদে মৌখিক পরীক্ষায় BPS Form-3 জমাদানকৃত যোগ্য ০১ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর
সিনিয়র সাইফার অফিসার	০৭.১১.২০১৭ তারিখ সকাল ১০.৩০ মিনিট	০০০০৩৫= ০১ জন

- বিজ্ঞপ্তির শর্তানুযায়ী অভিজ্ঞতার প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় রেজিস্ট্রেশন নম্বর-০০০০৩৫ ব্যতীত অন্য সকল প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হয়েছে।
- মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীর প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি এবং প্রবেশপত্র অবশ্যই মৌখিক পরীক্ষার সময় আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবে না।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীর মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) ১ (এক) সেট কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রবেশপত্রের ফটোকপি, চাকুরীরত প্রার্থীর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের সত্যায়িত কপি সহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
- প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গুরুতর (substantive) কোন শর্তের ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

পড়াশুনা এবং জ্ঞান অর্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন। চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

[শেখ শাখাওয়াৎ হোসেন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্ম সচিব]